

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৭৮৫

২٥. <del>وهم</del> (كتاب الحج)

পরিচ্ছেদঃ ২৭. শিকার করার প্রতিফল

# بَابِ الْحُكْمِ فِي الصَّيْدِ

#### আরবী

قَالَ مَالِك قَالَ اللّهُ تَبَارِكَ وَتَعَالَى يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْتُلُوا الصَيْدَ وَأَنْتُمْ حُرُمٌ وَمَنْ قَتَلَهُ مِنْكُمْ مُتَعَمِّدًا فَجَزَاءُ مِثْلِ مَا قَتَلَ مِنْ النَّعَمِ يَحْكُمُ بِهِ ذَوَا عَدْلٍ مِنْكُمْ هَدْيًا بَالِغَ الْكَعْبَةِ أَوْ كَفَّارَةٌ طَعَامُ مَسَاكِينَ أَوْ عَدْلُ ذَلِكَ صِيَامًا لِيَذُوقَ وَبَالَ أَمْرِهِ قَالَ مَالِك فَالَّذِي يَصِيدُ الصَّيْدَ وَهُوَ مُحْرِمٌ بُمَنْزِلَةِ النَّذِي يَبْتَاعُهُ وَهُوَ مُحْرِمٌ بُمَنْزِلَةِ النَّذِي يَبْتَاعُهُ وَهُوَ مُحْرِمٌ ثُمَّ يَقْتُلُهُ وَقَدْ نَهَى السَّيْدَ وَهُوَ مُحْرِمٌ ثُمَّ يَقْتُلُهُ وَقَدْ نَهَى اللّهَ عَنْ قَتْلِهِ فَعَلَيْهِ جَزَاؤُهُ وَالْأَمْرُ عِنْدَنَا أَنَّ مَنْ أَصَابَ الصَيْدَ وَهُوَ مُحْرِمٌ حُكِمَ عَلَيْهِ بِالْجَزَاءِ قَالَ يَحْيَى قَالَ مَالِك أَحْسَنُ مَا سَمِعْتُ فِي الَّذِي يَقْتُلُ الصَيْدَ فَيُحْمِ كُلَّ مِسْكِينِ مُثَا أَوْ بِالْجَزَاءِ قَالَ يَحْيَى قَالَ مَالِك أَحْسَنُ مَا سَمِعْتُ فِي الَّذِي يَقْتُلُ الصَيْدَ فَيُطْعِمَ كُلَّ مِسْكِينِ مُثَا أَوْ يَصَلُومُ مَكَانَ كُلِّ مُدَّيَى أَصَابَ فَيُنْظَرَ كَمْ عَمَّنُهُ مِنْ الطَّعَامِ فَيُطْعِمَ كُلَّ مِسْكِينِ مُثَا أَوْ يَصَامَ عَشَرَةً أَيْهُ مِنْ الطَّعَامِ فَيُطُعِمَ كُلَّ مِسْكِينِ مُثَا أَوْ يَوْمُ مَكَانَ كُلِّ مُدَي يَوْمًا وَيُنْظَرَ كُمْ عَدَّةُ الْمَسَاكِينِ فَإِنْ كَانُوا عَشَرَةً صَامَ عَشَرَةً أَيَّا مِ يَصَعُونَ مَلْ كَانُوا عَشْرِينَ مَسْكِينَ مُسْكِينًا قَالَ مَالِك سَمِعْتُ أَنَّهُ يُحْكَمُ عَلَى مَنْ قَتَلَ الصَيْدَ فِي الْحَرَمِ وَهُو مُحْرِمٌ وَهُو مُحْرِمٌ وَهُو مُحْرِمٌ وَهُو مُحْرِمٌ وَهُو مُحْرِمٌ وَهُو مَكَلَلٌ مِعْدَا لَا مَدْحَمٌ مِعْ مَلَى الْمُحْرِمِ الَّذِي يَقْتُلُ الصَيْدَ فِي الْحَرَمِ وَهُو مُحْرِمٌ

#### বাংলা

রেওয়ায়ত ৯০. মালিক (রহঃ) বলেনঃ আল্লাহ্ তা'আলা ইরশাদ করেন, হে মু'মিনগণ, ইহরাম অবস্থায় তোমরা কোন প্রাণী শিকার করিও না। কেউ যদি ইচ্ছাকৃতভাবে শিকার করে তবে যাহা শিকার করিল তদ্রুপ একটি গৃহপালিত পশু তাহাকে বদলা দিতে হইবে। ইহার ফয়সালা তোমাদের মধ্যে দুইজন তাকওয়ার অধিকারী লোক করিয়া দিবে।

এইরূপ ধার্যকৃত পশু কুরবানী হিসাবে মক্কায় প্রেরিত হইবে অথবা উহার কাফফারা হইবে মিসকীনকে আহার্য দান করা বা সমপরিমাণ রোযা রাখা যাহাতে সে স্বীয় কৃতকর্মের ফল ভোগ করিতে পারে।



মালিক (রহঃ) বলেনঃ কোন ইহরামবিহীন ব্যক্তি যদি কোন প্রাণী শিকার করিয়া পরে ইহরাম বাঁধিয়া উক্ত শিকার বধ করে, তবে সে ঐ মুহরিম ব্যক্তির মত, যে ব্যক্তি শিকারকৃত প্রাণী খরিদ করিয়া বধ করে। আল্লাহ্ উহা হইতে নিষেধ করিয়াছেন, সুতরাং উক্ত ব্যক্তির উপরও উহার বিনিময় প্রদান ওয়াজিব হইবে।

মালিক (রহঃ) বলেনঃ আমাদের সিদ্ধান্ত হইল, মুহরিম একা বা দলবদ্ধভাবে যেভাবেই শিকার করুন না কেন তাহার উপর বদলা দেওয়ার হুকুম প্রযোজ্য হইবে।

মালিক (রহঃ) বলেনঃ এই বিষয়ে সর্বোত্তম যে কথা আমি শুনিয়াছি তাহা হইল- শিকারকৃত প্রাণীটির মূল্য হিসাব করিয়া দেখা হইবে যে, ঐ মূল্যের বিনিময়ে কত পরিমাণ শস্য বাজারে পাওয়া যায়। পরে এক এক মুদ পরিমাণ শস্য এক একজন মিসকীনকে দিয়া দেওয়া হইবে বা এক এক মুদ হিসাবে যত পরিমাণ মুদ হইবে তত সংখ্যক রোযা রাখিবে। মিসকীনদের সংখ্যা হিসাবে তাহা হইবে। দশজন মিসকীন হইলে দশ রোযা, রিশজন হইলে বিশ রোযা, এইভাবে সংখ্যা ষাটের অধিকও যদি হইয়া যায় তবে তত পরিমাণ রোযা তাহাকে রাখিতে হইবে।

মালিক (রহঃ) বলেনঃ আমি শুনিয়াছি যে, ইহরামবিহীন ব্যক্তি হারম শরীফের অভ্যন্তরে কোন প্রাণী শিকার করিলে তাহার উপর ইহরাম বাধিয়া হারমের ভিতর বধ করার মত হুকুম হইবে।

### **English**

Malik said, "Allah, the Blessed and Exalted, says, 'O you who trust, do not kill game while you are in ihram. Whoever of you kills game intentionally has to pay a forfeit commensurate with what he has killed in cattle which two men from among you shall judge, a sacrificial animal which reaches the Kaba, or else he makes a kaffara of either feeding poor people or the equivalent of that in fasting, so that he may taste the consequences of what he has done.' (Sura 5 ayat 95).

Malik said, "Someone who hunts game when he is not in ihram and then kills it while he is in ihram is in the same position as someone who buys game while he is in ihram and then kills it. Allah has forbidden killing it, and so a man who does so has to pay a forfeit for it. The position that we go by in this matter is that a forfeit is assessed for anyone who kills game while he is in ihram."

Yahya said that Malik said, "The best that I have heard about someone who kills game and is assessed for it is that the game which he has killed is assessed and its value in food is estimated and with that food he feeds each poor man a mudd, or fasts a day in place of each mudd. The number of poor men is considered, and if it is ten then he fasts ten days, and if it is twenty he fasts twenty days, according to how many people there are to be fed, even if there are more than sixty."



Malik said, "I have heard that a forfeit is assessed for someone who kills game in the Haram while he is not in ihram in the same way that it is assessed for some one who kills game in the Haram while he is in ihram ."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন